# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৫৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উক্ত সালাতে তাওয়াফকারী ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাঝে কোন সুতরা ছিল না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذِهِ الصَّلَاةَ لَمْ تَكُنْ بَيْنَ الطَّوَّافِينَ وَبَيْنَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم سترة

---

আরবী

2358 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُحَمَّدٍ الْعَنْبَرِيُّ حَدَّثَنَا كَثِيرُ بْنُ كَثِيرٍ عَنْ أَبِيهِ عَنِ الْمُطَّلِبِ بْنِ أَبِي وَدَاعَةَ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي حَذْوَ الرُّكْنِ الْأَسْوَدِ وَالرِّجَالُ وَالنِّسَاءُ يَمُرُّونَ بَيْنَ يَدَيْهِ مَا بَيْنَهُ وَبَيْنَهُمْ سُتْرَةٌ.
الراوي : المطلب بْن أَبِي وَدَاعَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2358 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((الضعيفة)) (928).
قَالَ: أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: فِي هَذَا الْخَبَرِ دَلِيلٌ عَلَى إِبَاحَةِ مُرُورِ الْمَرْءِ بَيْنَ يَدَيِ الْمُصَلِّي إِذَا صَلَّى إِلَى غَيْرِ سُتْرَةٍ يَسْتَتِرُ بِهَا.
وَهَذَا كَثِيرُ بْنُ كَثِيرِ بْنِ الْمُطَّلِبِ بْنِ أَبِي وَدَاعَةَ بْنِ صُبَيْرَةَ بْنِ سَعِيدِ بْنِ سَعْدِ بْنِ سَهْمِ بْنِ عَمْرِو بْنِ هُصَيْصِ بْنِ كَعْبِ بْنِ لُؤَيٍّ السهمي.

বাংলা

২৩৫৮. মুত্তালিব বিন আবূ ওয়াদা‘আহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি তিনি রুকনে আসওয়াদের বরাবর সালাত আদায় করছিলেন আর নারী-পুরুষরা তাঁর সামনে দিয়ে অতিক্রম করছিলাম, এসময় তাঁর মাঝে ও তাদের মাঝে কোন সুতরা ছিল না। [1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসে এই মর্মে দলীল রয়েছে যে, যখন কোন ব্যক্তি সামনে কোন সুতরা ছাড়াই সালাত আদায় করবে, তখন তার সামনে দিয়ে যাতায়াত করা বৈধ।

আর হাদীসের রাবী কাসীর হলেন কাসীর বিন কাসীর বিন মুত্তালিব বিন আবূ ওয়াদা‘আহ বিন সুবাইরাহ বিন সা‘ঈদ বিন সা‘দ বিন সাহম বিন আমর বিন হুসাইস বিন কা‘ব বিন লুআই আস সাহমী।”

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৮১৫; নাসাঈ: ৫/২৩৫; মুসনাদ আহমাদ: ৬/৩৯৯; হাকিম: ১/২৫৪; ইবনু মাজাহ: ২৯৫৮; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৪৬১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৩৮৭; আবূ দাঊদ: ২০১৬; সুনান বাইহাকী: ২/২৭৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আয যঈফা: ৯২৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুত্তালিব ইবন আবু ওয়াদা'আহ (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91679

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন